# ‘ভূতদ্রব্য’

## দ্রব্য পদার্থ ভাগ-২

## বৈশেষিক দর্শন পর্ব-৪

পাঠ পর্যালোচনা :

শম্পা দেবনাথ
সহযোগী অধ্যাপক, দর্শন বিভাগ
শালতোড়া নেতাজী সেন্টেনারী কলেজ

# মহর্ষি কণাদ দ্রব্যের লক্ষণে বলেছেন-

“ক্রিয়াগুণবৎ সমবায়ীকারণমিতি দ্রব্য লক্ষ্যণম্” (বৈশেষিক সূত্র ১/১/১৫)।

অর্থাৎ, যা ক্রিয়া এবং গুণের আশ্রয় বা আধার হয় এবং যা সকল কার্যের সমবায়ি কারণ তাই হল দ্রব্য।

---

- দ্রব্য
  - ক্ষিতি
  - অপ
  - তেজ
  - মরুৎ
  - ব্যোম
  - দিক
  - কাল
  - মন
  - আত্মা

# ভূতদ্রব্য

- নববিধ (৯ প্রকার) দ্রব্যের মধ্যে প্রথম ৫টি দ্রব্য হল ভূতদ্রব্য। যথা- ক্ষিতি (বা মাটি), অপ (বা জল), তেজ (বা আগুন), মরুৎ (বা বায়ু) ও ব্যোম (বা আকাশ) কে ভূতদ্রব্য বলা হয়।
- ভূতদ্রব্য ৫টি বলে এদের একসাথে পঞ্চভূত বলা হয়।
- ভূতদ্রব্যগুলিকে ‘মহাভূত’ও বলে।
- ভারতীয় দর্শনে ভূত শব্দটির অর্থ উপাদান। ইংরাজীতে যাকে বলা হয় Element.
- বৈশেষিক মতে ভূতদ্রব্যগুলিই জগতের সমবায়ি (বা উপাদান) কারণ।

# ভূতদ্রব্যের লক্ষণ

- বৈশেষিক দর্শন অনুসারে **বহিরিন্দ্রিয়গ্রাহ্য বিশেষ গুণবত্ত্ব** - ই ভূতের লক্ষণ।

অর্থাৎ ১) ভূতদ্রব্যগুলি বাহ্যেন্দ্রিয়গ্রাহ্য হবে এবং

২) প্রত্যেকেই বিশেষ গুণবান হবে।

বাহ্যেন্দ্রিয় হল পাঁচটি জ্ঞানেন্দ্রিয়। যথা- চক্ষু, কর্ণ, নাসিকা, জিহ্বা এবং ত্বক।

লক্ষণ অনুসারে পঞ্চ মহাভূতের নিজস্ব বিশেষ গুণ থাকে এবং সেইগুলি আমাদের পাঁচটি বহিরিন্দ্রিয় দ্বারা জানা যায়।

# পঞ্চমহাভূতের বিশেষগুণ এবং সেগুলি যেসব বাহ্য ইন্দ্রিয়গ্রাহ্য তার তালিকা

| ভূতদ্রব্য | বিশেষ গুণ | বহিরিন্দ্রিয়গ্রাহ্য |
|---|---|---|
| ক্ষিতি বা পৃথিবী | গন্ধ | নাসিকা |
| অপ বা জল | রস বা স্বাদ | জিহ্বা |
| তেজ বা আগুন | রূপ বা রঙ | চক্ষু |
| মরুৎ বা বায়ু | স্পর্শ | ত্বক |
| ব্যোম বা আকাশ | শব্দ | কর্ণ |

# আত্মা ভূতদ্রব্য নয়

- নয় (৯) প্রকার দ্রব্যের মধ্যে ক্ষিতি, অপ, তেজ, মরুৎ ও আকাশ এই পাঁচটি ভূতের যেমন বিশেষগুণ আছে সেরকমই আত্মারও বিশেষ গুণ আছে।
- আত্মার প্রধান বিশেষগুণগুলি হল সুখ দুঃখ ইচ্ছা দ্বেষ প্রযত্ন এবং জ্ঞান।
- আত্মা এই সকল বিশেষগুণের আশ্রয় হলেও আত্মাকে ভূতদ্রব্য বলা যায় না।
- কারণ এই গুণগুলি বহিরিন্দ্রিয়গ্রাহ্য নয়। আত্মার এই গুণগুলি অন্তরিন্দ্রিয় মনোগ্রাহ্য।

তাই আত্মাকে ভূতদ্রব্যের অন্তর্গত করা চলে না।

# ভূতদ্রব্য দ্বিবিধ

পঞ্চ মহাভূতের মধ্যে আকাশ ভিন্ন ক্ষিত্যাদি চারটি মহাভূতের নিত্য এবং অনিত্য ভেদে দ্বিবিধ রূপ আছে।আকাশ নিত্য দ্রব্য এবং ক্ষিতি, অপ, তেজ, মরুতের পরমাণুগুলি নিত্য।পরমাণু দ্বারা গঠিত মহৎ বা মধ্যম পরিমান বিশিষ্ট দ্রব্যগুলি অনিত্য। আকাশের কোন পরমাণু নেই। আকাশ অবিভাজ্য এবং নিত্য।

# আকাশ এবং অন্যান্য ভূতদ্রব্যগুলির মধ্যে পার্থক্য

## আকাশ


- আকাশ নিত্য।
- আকাশের কোন পরমাণু নেই।
- আকাশ বিভু পরিমাণ এবং অমূর্ত।
- আকাশের বিশেষগুণ শব্দ আকাশের মত নিত্য নয় তা অনিত্য।
- আকাশে শব্দগুণ অব্যাপ্যবৃত্তি হয়।

## ক্ষিত্যাদি ভূতদ্রব্য

- ক্ষিত্যাদি চারটি ভূতদ্রব্য নিত্য এবং অনিত্য ভেদে দ্বিবিধ।
- ক্ষিত্যাদির পরমাণু আছে।
- ক্ষিত্যাদিজ দ্রব্যগুলি মূর্ত এবং মধ্যম পরিমাণ। এদের পরমাণুগুলি অণুপরিমাণ।
- এদের বিশেষ গুণগুলি নিত্য।
- ক্ষিত্যাদির বিশেষ গুণগুলি ক্ষিত্যাদিতে ব্যাপ্যবৃত্তি হয়।

# বৈশেষিক মতানুসরে জাগতিক সকলকিছু ভূতদ্রব্য থেকে উৎপন্ন





## বৈশেষিক দর্শন

মনু উপদেশ দিয়াছেন,—

# আগামী পাঠ ‘পঞ্চমহাভূত’

দ্রব্য পদার্থ ভাগ -৩

বৈশেষিক দর্শন পর্ব-৫




# ধন্যবাদ